বিদ্যুৎ বিভাগের ২০১৫-১৬ অর্থ-বছরের উল্লিখিত অর্জনসমূহ

(০১) মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিদ্যুৎ খাতে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। বিদ্যুৎ গ্রাহক সংখ্যা ১ কোটি ৭৮ লক্ষ হতে বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থ-বছরে ২ কোটি ১৮ লক্ষে উন্নীত হয়েছে; অর্থাৎ ৪০ লক্ষ নতুন গ্রাহক প্রতিবেদনাধীন অর্থ-বছরে বিদ্যুৎ সংযোগ পেয়েছে।

(০২) বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী শতকরা ৭৪ ভাগ হতে বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থ-বছরে শতকরা ৭৬ ভাগে উন্নীত হয়েছে ; অর্থাৎ বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী শতকরা ২ ভাগ বৃদ্ধি পেয়েছে।

(০৩) ২০১৫-১৬অর্থ-বছরে বিদ্যুতের সামগ্রিক সিস্টেম লস ১৩.৫৫ শতাংশ হতে ০.৪৫ শতাংশ হ্রাস পেয়ে ১৩.১০ শতাংশে পৌঁছেছে।

(০৪) মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৩৭১ কিলোওয়াট ঘন্টা হতে বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থ-বছরে ৪০৭ কিলোওয়াট ঘন্টায় উন্নীত হয়েছে ; অর্থাৎ মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৩৬ কিলোওয়াট ঘন্টা বৃদ্ধি পেয়েছে।

(০৫) ২০১৫-১৬ অর্থ-বছরে সর্বমোট ৩১ হাজার কিলোমিটার বিতরণ লাইন এবং ১৯৮ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন নির্মাণ করা হয়।

(০৬) ২০১৫-১৬ অর্থ-বছরে ৯২৯ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রীডে যুক্ত হয়েছে। ২৩ মার্চ ২০১৬ তারিখে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভারত ও বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীদ্বয় কর্তৃক ভারত হতে ১০০ মেঃওঃ বিদ্যুৎ আমদানির শুভ উদ্বোধন করা হয় (উদ্বোধন অনুষ্ঠানের ছবি)।

২৩ মার্চ ২০১৬ তারিখে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভারত ও বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীদ্বয় কর্তৃক ভারত হতে ১০০ মেঃওঃ বিদ্যুৎ আমদানির শুভ উদ্বোধন; উক্ত অনুষ্ঠানে ত্রিপুরার মাননীয় মুখ্য মন্ত্রী জনাব মানিক সরকার যুক্ত ছিলেন।

বিদ্যুৎ কেন্দ্রগুলোর বর্ণনা নিম্নে দেয়া হলোঃ

(ক) কড্ডা, গাজীপুর ১৫০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রটি ১৬ আগষ্ট, ২০১৫ চালু হয়।

(খ) ভোলা ২২৫ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রটি ০২ সেপ্টেম্বর, ২০১৫ চালু হয়।

(গ) আশুগঞ্জ ২২৫ মেঃওঃ সিসিপিপি (এসটি ইউনিট)বিদ্যুৎ কেন্দ্রটি ১০ ডিসেম্বর, ২০১৫ চালু হয়।

(ঘ) সামিট পাওয়ার ও জিইসি কনর্সোটিয়াম-এর বিবিয়ানা-২৩৪১ মেঃওঃ সিসিপিপি (এসটি ইউনিট)বিদ্যুৎ কেন্দ্রটি ২৬ ডিসেম্বর, ২০১৫ চালু হয়।

(ঙ) সামিট পাওয়ার-এর মদনগঞ্জ ৫৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র বিদ্যুৎ কেন্দ্রটি ২৯ ফেব্রুয়ারী ২০১৬ চালু হয়।

(চ) সামিট পাওয়ার-এর বরিশাল ১১০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রটি ৫ এপ্রিল, ২০১৬ চালু হয়।

(ছ) ঢাকা সাউর্দান পাওয়ার লিঃ-এর নবাবগঞ্জ ৫৫ মেঃওঃ পাওয়ার প্ল্যান্ট বিদ্যুৎ কেন্দ্রটি ১৭ জুন, ২০১৬ চালু হয়।

(জ) আপগ্রেডেশন অব খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট টু ২২৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট বিদ্যুৎ কেন্দ্রটি ২৮ জুন, ২০১৬ চালু হয়।

(ঝ) ভারতের ত্রিপুরা থেকে ১৭ মার্চ ২০১৬ হতে ১০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হচ্ছে।

(০৭) ২০১৫-১৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) বিদ্যুৎ বিভাগের ৭৬টি প্রকল্পের অনুকূলে ১৫,৪৭৬ (পনের হাজার চারশত ছিয়াত্তর কোটি টাকা) বরাদ্দের বিপরীতে ১৫,৫১৫ (পনের হাজার পাঁচশত পনের কোটি টাকা) ব্যয় হয় (বাস্তবায়নের হার ১০০.২৫%)।

(০৮) একই সময়ে ইসিএ অর্থায়নে বাস্তবায়নাধীন ১০টি প্রকল্পের অনুকূলে ৩,৩১৬ (তিন হাজার তিনশত ষোল কোটি টাকা) বরাদ্দ ছিল।

(০৯) ২০১৫-১৬ অর্থবছরে ১৩টি প্রকল্প সফলভাবে সমাপ্ত হয়।

(১০) ২০১৫-১৬ অর্থবছরে ২৩টি নতুন প্রকল্প অনুমোদিত হয়।

২০১৬ সালে নিম্নবর্ণিত মেগা প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু হয়েছেঃ

ক্রঃ নং	প্রকল্পের নাম ও সংস্থা	চুক্তি সম্পাদানের তারিখ	উৎপাদন ক্ষমতা (মেঃওঃ)	জ্বালানির ধরণ	সম্ভাব্য চালুর তারিখ	বর্তমান অবস্থা
১.	পায়রা, পটুয়াখালি ১২০০-১৩২০ মেঃ ওঃ কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র **সংস্থাঃ** BCPCL (JV of NWPGCL & CMC, China) **ইপিসিঃ** NEPC & CECC	২৯ মার্চ ২০১৬	১৩২০	আমদানিকৃত কয়লা	এপ্রিল ২০১৯ (১ম ইউনিট) অক্টোবর ২০১৯ (২য় ইউনিট)	• অস্থায়ী জেটি নির্মাণ কাজ ৭০% এবং রোড নির্মাণের কাজ ৬০% সম্পূর্ণ হয়েছে। • Soil Improvement-এর কাজ (৯৩,৫৪০ বর্গ কিঃমিঃ) সম্পূর্ণ হয়েছে। • অগ্রগতিঃ ৫.৫৬%
২.	বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশীপ পাওয়ার কোম্পানি লিঃ ১৩২০ মেঃ ওঃ কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র **সংস্থাঃ** BIFPCL (JV of BPDB & NTPC, India) **ইপিসিঃ** BHEL, INDIA	১২ জুলাই ২০১৬	১৩২০	আমদানিকৃত কয়লা	২০১৯-২০ অর্থবছর	• সাইটের প্রাথমিক উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে। • মূল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কাজ শুরু হয়েছে। • বর্তমানে ফাইনান্সিয়াল ক্লোজারের কাজ এগিয়ে চলছে।
৩.	মাতারবাড়ি ১২০০ মেঃ ওঃ কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র **সংস্থাঃ** সিপিজিসিবিএল		১২০০	আমদানিকৃত কয়লা	ডিসেম্বর ২০২২	• প্যাকেজ : ১.১ এর প্রাথমিক কাজ মার্চ ২০১৬ তারিখ হতে শুরু হয়েছে এবং বর্তমান অগ্রগতি ৩৩%। • প্যাকেজ : ১.২ এর অধীনে মূল ইপিসি কন্ট্রাক্টার নিয়োগের জন্য দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র জমাদানের সর্বশেষ তারিখ ২৪ নভেম্বর ২০১৬।
৪	চট্টগ্রাম ৬১২ মেঃওঃ কয়লা ভিত্তিক প্রকল্প স্পন্সরঃ এসএস পাওয়ার-১	১৬ ফেব্রুয়ারি ২০১৬	৬১২	আমদানিকৃত কয়লা	মার্চ ২০২০	• ৩০০ একর জায়গা ক্রয় করা হয়েছে। • ২১২ একর খাস জায়গা দীর্ঘমেয়াদী লিজ নেয়ার প্রক্রিয়া চলছে। • ভূমি উন্নয়নের কাজ চলছে।
৫	চট্টগ্রাম ৬১২ মেঃওঃ কয়লা ভিত্তিক প্রকল্প স্পন্সরঃ এসএস পাওয়ার-১	১৬ ফেব্রুয়ারি ২০১৬	৬১২	আমদানিকৃত কয়লা	মার্চ ২০২০	

এক নজরে বিদ্যুৎ খাত

৩১ অক্টোবর ২০১৬

বিষয় (১)	২০০৯ (২)	২০১৬ (৩)	গত ৭বছরে অর্জন (২০১৬ - ২০০৯) (৩- ২)
বিদ্যুৎ কেন্দ্রের সংখ্যা	২৭	১০৭	(+) ৮০
বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) (ক্যাপটিভসহ)	৪, ৯৪২	*১৫,২০০	(+) ১০,২৫৮
সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন (মেঃওঃ)	৩, ২৬৮ (৬ জানু, ২০০৯)	৯,০৩৬ (৩০জুন, ২০১৬)	(+) ৫,৭৬৮
মোট সঞ্চালন লাইন (সা.কি.মি.)	৮, ০০০	৯, ৮৯৩	(+) ১, ৮৯৩
গ্রীড সাব- ষ্টেশন ক্ষমতা (এমভিএ)	১৫, ৮৭০	২৬,৬৯০	(+) ১০,৮২০
বিদ্যুৎ আমদানি (মেঃ ওঃ)	- -	৬০০	(+) ৬০০
বিতরণ লাইন (কি.মি.)	২ লক্ষ ৬০ হাজার	৩ লক্ষ ৭৪ হাজার	(+) ১ লক্ষ ১৪ হাজার
বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী (%)	৪৭%	৭৮%	(+) ৩১%
মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন (কি.ও.ঘন্টা)	২২০	৪০৭ (ক্যাপটিভসহ)	(+) ১৮৭
বিদ্যুৎ গ্রাহক সংখ্যা	১ কোটি ৮ লক্ষ	২ কোটি ২৩ লক্ষ	(+)১ কোটি ১৫লক্ষ
সেচ সংযোগ সংখ্যা	২ লক্ষ ৩৪ হাজার	৩ লক্ষ ৭৮ হাজার	(+) ১ লক্ষ ৪৪ হাজার
বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দ (কোটিতে)	২, ৬৭৭	১৬,০৪০	(+)১৩,৩৬৩
সামগ্রিক সিষ্টেম লস (%)	১৬.৮৫	১৩.১০	(-) ৪.৩৫

* ১৩,০০০ + ২, ২০০ (ক্যাপটিভ) মেঃ ওঃ = ১৫,২০০ মেঃ ওঃ